প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতায় ২০১৪-১৫ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

ক্র:নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১।	প্রতিরক্ষা মন্ত্রণালয়	২	২	--	--	২	--	৯.৫০% ও ৩০%	--	২০% ও ৪০%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা : ২

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ : ভূমি অধিগ্রহণে জটিলতা, পর্যাপ্ত বরাদ্দের অভাব, টেন্ডার প্রদানে সমস্যা ইত্যাদি।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ : **(সংযুক্তি-১)**

(সংযুক্তি-১)

২০১৪-১৫ অর্থবছরে সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশসমূহ:

ক্র:নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল	বাস্তবায়ন সমস্যা	সুপারিশ
	প্রতিরক্ষা মন্ত্রণালয়	বিএমএ বঙ্গবন্ধু কমপ্লেক্স নির্মাণ চট্টগ্রাম (১ম সংশোধিত) জুলাই, ২০১০- জুন,২০১৫)	প্রকল্পটি একটি সরল অবকাঠামো নির্মাণ ধর্মী তথাপি প্রকল্পটি সম্পন্ন হতে মূল প্রকল্প ব্যয় হতে ২৯.৯৮% বৃদ্ধি পেয়েছে এবং মূল বাস্তবায়নকাল হতে ২ বছর (৪০.৩৮%) সময় বেশী প্রয়োজন হয়েছে;	ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণ করার ক্ষেত্রে সুনির্দিষ্ট বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণপূর্বক ডিপিপি প্রণয়ন করতে হবে এবং ডিপিপিতে বর্ণিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে (সমস্যা নং-১১.১);
			প্রকল্পটির মেয়াদ ছিল ৫ বছর। এ সময়ে মোট ৬ জন প্রকল্প পরিচালক প্রকল্পটির দায়িত্ব পালন করেছেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের অন্তরায়;	প্রকল্প পরিচালক নিয়োগ সম্পর্কিত পরিপত্র অনুসরণপূর্বক প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে। এ ধরনের প্রকল্পের সফল বাস্তবায়ন এবং সুষ্ঠুভাবে সমাপ্তির লক্ষ্যে প্রকল্প পরিচালক বদলী পরিহার করা সমীচীন হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে (সমস্যা নং-১১.২);
			নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড অনুযায়ী প্রকল্পের ক্রয় সংক্রান্ত কার্যাবলী (পন্য, সেবা, পরামর্শক) সমাপ্তির জন্য নির্ধারিত তারিখ হতে বিলম্বে সম্পন্ন হয়েছে;	নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড অনুযায়ী প্রকল্পের ক্রয় সংক্রান্ত কার্যাবলী (পণ্য সেবা, পরামর্শক) নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে সেনাসদর ইইনসির শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (সমস্যা নং-১১.৩);
			প্রকল্পের আওতায় দুটি মোট সাইকেল এবং একটি ডাবল কেবিন পিক-আপ ক্রয় করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর যানবাহনসমূহ পরিবহন পুলে জমা দেয়া বিধান থাকলেও পরিদর্শনকাল পর্যন্ত জমা দেয়া হয়নি।	প্রকল্পের আওতায় দুটি মোট সাইকেল এবং একটি ডাবল কেবিন পিক-আপ ক্রয় করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর তা পরিবহন পুলে জমা দিতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে (সমস্যা নং-১১.৪); এবং আইএমইডির সুপারিশের আলোকে গৃহীত পদক্ষেপ সম্পর্কে এ বিভাগকে অবহিত করতে হবে।
		নিউমেরিক্যাল ওয়েদার প্রেডিকশন সিস্টেম স্থাপন (২য় পর্যায়) জুলাই,২০১১- জুন,২০১৫)	বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরে নিউমেরিক্যাল ওয়েদার প্রেডিকশন সিস্টেম (NWP) ব্যবহার করা অধিদপ্তরের কৌশলগত উন্নয়ন পরিকল্পনার অন্যতম একটি অংশ। কিন্তু	তাৎক্ষণিক (Real Time), স্বয়ংক্রিয় ও ডিজিটাল আবহাওয়া উপাত্ত সংগ্রহের জন্য প্রতিটি পর্যবেক্ষণাগারে স্বয়ংক্রিয় আবহাওয়া যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন করা আবশ্যক। এছাড়া

			NWP সিস্টেম ব্যবহারে আবহাওয়া অধিদপ্তরের অভিজ্ঞতা নেই। প্রকৃতপক্ষে, NWP টেকনিক ব্যবহারের জন্য প্রয়োজন তাৎক্ষণিক (Real Time) এবং স্বয়ংক্রিয় ও ডিজিটাল আবহাওয়া উপাত্ত। পাশাপাশি রাডার উপাত্তসহ উর্ধ্বাকাশের সার্বক্ষণিক ডিজিটাল আবহাওয়া উপাত্ত একটি Modem-এর মাধ্যমে Run করে ঈপ্সিত পূর্বাভাস পাওয়ার জন্য প্রয়োজন উচ্চক্ষমতা সম্পন্ন সুপার কম্পিউটার ও ওয়ার্কস্টেশন। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরে বর্ণিত সুবিধাদির একটিও নেই। আলোচ্য প্রকল্পের মাধ্যমে বিদ্যমান পর্যবেক্ষণাগারসমূহতে প্রয়োজনীয় নিরাপত্তাসহ অবকাঠামোগত উন্নয়ন কাজ করা হয়েছে। কিন্তু NWP সিস্টেম প্রবর্তনের জন্য কোন যন্ত্রপাতি বা উচ্চ ক্ষমতা সম্পন্ন সুপার কম্পিউটার, সার্ভার, ইত্যাদি ক্রয়ের কোন ব্যবস্থা রাখা ছিল না, যা ছাড়া অঞ্চলভিত্তিক সঠিক ও সময়োপযোগী আবহাওয়া পূর্বাভাস প্রদান করা সম্ভব হচ্ছে না। বিশেষ করে ঘূর্ণিঝড়ের অধিকতর সঠিব ও আগাম পূর্বাভাস, অভ্যন্তরীণ নৌচলাচলের জন্য কুয়াশা ও হঠাৎ ঝড়ের অঞ্চলভিত্তিক ও আবহাওয়া পূর্বাভাস প্রদান, বাস্তব ভিত্তিক নিয়মিত আবহাওয়া পূর্বাভাস (৬ ঘন্টা/১২ ঘন্টা/২৪ ঘন্টা) ও দীর্ঘ মেয়াদের পূর্বাভাস প্রদান (৩৬/৭২ ঘন্টা) ইত্যাদি বিষয়গুলো অবহেলিত থেকে যাচ্ছে। বিষয়টি দেশের জন্য বিরাট হুমকীস্বরূপ। আলোচ্য প্রকল্পে শুধুমাত্র সংস্কার কাজ করার পরিবর্তে প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়ের জন্য বরাদ্দ রাখা বাঞ্চনীয় ছিল; এবং প্রকল্পটি চলাকালীন ও সমাপ্তির পর কোন অডিট পরিচালনা করা হয়েছে কি-না সে সম্পর্কিত কোন তথ্য পিসিআর-এ পাওয়া যায়নি।	প্রয়োজনীয় আবহাওয়া পূর্বাভাস প্রদানের জন্য আবহাওয়া পূর্বাভাস মডেল ও সফটওয়্যারসহ NWP ওয়ার্কস্টেশন ও সুপার কম্পিউটার ক্রয় করাও আবশ্যক মর্মে প্রতীয়মান হয়। আবহাওয়া অধিদপ্তর কর্তৃক যথাশীঘ্র NWP সিস্টেম ব্যবহারের মাধ্যমে কাংখিত সুফল অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তথ্য প্রতিরক্ষা মন্ত্রণালয় যথাযোগ্য উদ্যোগ গ্রহণ করবে; অন্যথায় আলোচ্য প্রকল্পের আওতায় পর্যবেক্ষণাগারগুলোর সংস্কারের জন্য যে পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে তার পূর্ণ সুফল ভোগ করা সম্ভব হবে না। পাশাপাশি দেশের জনগণের জানমাল ও জাতীয় সম্পদের ক্ষয়ক্ষতি ক্রমাগত বেড়ে যাবে ; এবং প্রকল্পের উপর কোন অডিট কাজ সম্পাদন করা হয়ে থাকলে তা আইএমইডি’তে যথাশীঘ্র প্রেরণ করতে হবে।

বিএমএ বঙ্গবন্ধু কমপ্লেক্স নির্মাণ, ভাটিয়ারি, চট্টগ্রাম (সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মুল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৫)

১। প্রকল্পের অবস্থান : ভাটিয়ারী , চট্টগ্রাম।

২। বাস্তবায়নকারী সংস্থা : সেনাসদর , ই-ইন-সি'র শাখা, পূর্ত পরিদপ্তর।

৩। প্রশাসনিক মন্ত্রণালয় : প্রতিরক্ষা মন্ত্রণালয়

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোট: ২৫২৭৫.৭১ জিওবি:২৫২৭৫.৭১	মোট: ৩২৮৫৭.৪৭ জিওবি:৩২৮৫৭.৪৭	মোট : ৩২৮৫৩.৭১ জিওবি: ৩২৮৫৩.৭১	জুলাই, ২০১০ হতে জুন,২০১৩	জুলাই, ২০১০ হতে জুন,২০১৫	জুলাই, ২০১০ হতে জুন,২০১৫	২৯.৯৮%	২ বছর ৪০.৩৮%

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রতিরক্ষামন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):**

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ		পরিকল্পিত লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী আন্তঃখাত সমন্বয়)		প্রকৃত বাস্তবায়ন	
		একক	আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১.	ফুয়েল ও লুব্রিকেন্ট	থোক	৪.২৫	থোক	৪.২৫(১০০%)	--
২.	ষ্টেশনারী	থোক	১৪.০০	থোক	১৪.০০(১০০%)	--
৩.	বিজ্ঞপ্তি	থোক	১২.২৫	থোক	১১.৮৯(৯৭%)	--
৪.	কনসালটেন্সি	থোক	৪০০.৩৯	থোক	৪০০.৩৯(১০০%)	--
৫.	সম্মানী ভাতা	থোক	১০.৩১	থোক	৯.৬৮(৯৩.৮৮%)	--
৬.	টেস্টিং ফি	থোক	১০.০০	থোক	১০.০০(১০০%)	--
৭.	যানবাহন	থোক	৩৩.০০	থোক	৩৩.০০(১০০%)	--
৮.	মেশিনারী ইকুইপমেন্ট	থোক	২০৮৫.৭৫	থোক	২০৮৫.৭৫(১০০%)	--
৯.	কম্পিউটার অন্যান্য	থোক	২০২.৮৭	থোক	২০২.৮৭(১০০%)	--
১০.	ফার্নিচার	থোক	১৫৫০.০০	থোক	১৫৫০.০০(১০০%)	--

ক্রমিক নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ		পরিকল্পিত লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী আন্তঃখাত সমন্বয়)		প্রকৃত বাস্তবায়ন	
		একক	আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১১.	ফায়ার ফাইটিং সিষ্টেম	থোক	৩৩২.৪৩	থোক	৩৩২.৪৩(১০০%)	--
১২.	সাইট ডেভেলপমেন্ট	বঃ মিঃ	৩১০.৯৫	৪১৪২৮.৫০	৩১০.৯৫(১০০%)	৪১৪২৮.৫০(১০০%)
১৩.	ভবন নির্মাণ অন্যান্য	থোক	২৫৯৮৩.৩৬	৬৭০৪২.৯৮	২৫৯৮৩.০৯(১০০%)	
১৪.	রাস্তা	বঃ মিঃ	৫১৭.৫৩	১১৩৮০.৪২	৫১৭.৫৩(১০০%)	১১৩৮০.৪২ (১০০%)
১৫.	ড্রেন	মিটার	৬৩.৩২	৬১১ মিটার	৬৩.৩২(১০০%)	৬১১ মিটার (১০০%)
১৬.	বহিঃ পানি সরবরাহ	থোক	২০৯.৯৪	থোক	২০৯.৯৪(১০০%)	--
১৭.	বহিঃ বিদ্যুৎ সরবরাহ	থোক	১১০৪.৬৫	থোক	১১০৪.৬৫(১০০%)	--
১৮.	গ্যাস সরবরাহ	থোক	৯.৯৭	থোক	৯.৯৭(১০০%)	--
১৯.	ফিজিক্যাল কনটিনজেন্সি	--	১.৫০	--	--	--
২০.	প্রাইস কনটিনজেন্সি	--	১.০০	--	--	--
	সর্বমোট	**--**	**৩২৮৫৭.৪৭**	--	**৩২৮৫৩.৭১ (৯৯.৯৯%)**	১০০%

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** কোন উল্লেখযোগ্য কাজ অসমাপ্ত নেই।

৭। **সাধারণ পর্যবেক্ষণঃ**

৭.১। **পটভুমিঃ** জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্যক্তিগত উদ্যোগে ১৯৭৪ সালের ১১ জানুয়ারি কুমিল্লা সেনানিবাসে স্বল্প পরিসরে বিএমএ যাত্রা শুরু করে। নবগঠিত রাষ্ট্রে অফিসার স্বল্পতার কারণে একাডেমি শর্ট কোর্সের মাধ্যমে প্রশিক্ষণ শুরু করে। ১৯৭৫ সালের ১৯ জানুয়ারি ১ম শর্ট সার্ভিস কোর্স প্রশিক্ষণের সমাপনি অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তৎকালীন রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রধান অতিথি হিসেবে উক্ত প্যারেড পরিদর্শন করেন। স্বাধীনতা যুদ্ধের বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন বাংলাদেশের মাটিতে তিন বছরেরও কম সময়ে একটি সামরিক একাডেমি স্থাপন করতে পারার জন্য তাঁর গভীর সন্তুষ্টি প্রকাশ করে একটি শক্তিশালী, আধুনিক ও যোগ্য সেনাবাহিনী গড়ে তোলার আশাবাদ ব্যক্ত করেন। আজ বাংলাদেশ সেনাবাহিনী আন্তর্জাতিকভাবে সুনাম অর্জন করে জাতির জনকের স্বপ্নপূরণ করেছে।

প্রয়োজনীয় সম্প্রসারণ ও প্রাকৃতিক বৈচিত্রের জন্য এই একাডেমিকে ১৯৭৬ সালের মার্চ মাসে ভাটিয়ারি, চট্টগ্রামে স্থানান্তর করা হয়। সেনাবাহিনীর জন্য দক্ষ ও যোগ্য অফিসার তৈরীতে ও প্রশিক্ষণে গুরুত্বপূর্ণ অবদানের জন্য বিএমএ ১৯৭৯ সালে ন্যাশনাল স্ট্যান্ডার্ড লাভের গৌরব অর্জন করে। ধীরে ধীরে বাংলাদেশ মিলিটারি একাডেমি দেশের সামরিক নেতৃত্বের সুতিকাগারে পরিণত হয়। বাংলাদেশ নৌ ও বিমান বাহিনী তাদের ক্যাডেটদের মৌলিক সামরিক প্রশিক্ষণের জন্য ১৯৮৩ সালে বিএমএ তে প্রেরণ করা শুরু করে। গণপ্রজাতন্ত্রী বাঙলাদেশ সরকার ১৯৮৫ সাল থেকে

বাংলাদেশের সিভিল সার্ভিসের প্রশাসন, পুলিশ ও আনসার ক্যাডারের ওরিয়েন্টেশন ট্রেনিং বিএমএ তে পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করে। সময়ের সাথে সাথে বিএমএ'র খ্যাতিও সারাবিশ্বে ছড়িয়ে পড়েছে। ফলশ্রুতিতে ১৯৭৭ সাল থেকে বন্ধুপ্রতিম দেশসমূহ তাদের ক্যাডেটদেরকে সামরিক প্রশিক্ষণের জন্য বিএমএ তে প্রেরণ করছে।

বিএমএ এর বর্তমান অবকাঠামো একটি মিলিটারি একাডেমি হিসেবে নির্মিত হয়নি। তৎকালীন পূর্ব পাকিস্তানের কাস্টমস একাডেমিকে বিএমএ তে রূপান্তরিত করা হয়েছিল। সময়ের সাথে বিএমএ'র যে সম্প্রসারণ ও উন্নতি হয়েছে তা পরিপূর্ণ ও সুপরিকল্পিত নয়। ফলে কেবল প্রশিক্ষণের ন্যূনতম চাহিদা মেটাতে সক্ষম। বিএমএ বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়নের পবিত্র দায়িত্ব পালনে বদ্ধপরিকর। এই একাডেমি পরবর্তী প্রজন্মের মধ্যে সত্যিকারের দেশ প্রেমিকের বৈশিষ্ট্য ও দূরদর্শী নেতৃত্বের গুণাবলী প্রথিত করার দায়িত্ব পালন করে আসছে। বঙ্গবন্ধুর স্বপ্ন ও দূরদর্শিতা অনুযায়ী প্রশিক্ষণের জন্য এই প্রতিষ্ঠানের অবকাঠামো ও অন্যান্য সুবিধাদি আরো উন্নত হওয়া প্রয়োজন। কমপ্লেক্সের পরিসর ও কার্যক্রম প্রয়োজনীয় উন্নয়নে বিশেষ দিক উন্মোচিত করবে। একাডেমিক, প্রশাসনিক ও বিভিন্ন গুরুত্বপুর্ণ অনুষ্ঠানের সুবিধা প্রদানের মধ্যদিয়ে নির্মিত বঙ্গবন্ধু বিএমএ কমপ্লেক্স জাতির জনকের প্রত্যাশিত দক্ষতা ও চারিত্রিক বৈশিষ্ট্যমন্ডিত সামরিক নেতৃত্ব গঠনের গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

৭.২। **প্রকল্পের উদ্দেশ্যঃ** প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশ মিলিটারি একাডেমিতে (বিএমএ) নিম্নোক্ত ক্ষেত্রে কার্যকর এবং দক্ষ সামরিক প্রশিক্ষণ পরিচালনায় আধুনিক অবকাঠামোগত সুবিধা সৃষ্টি করাই প্রকল্পের মূল্য উদ্দেশ্য। এছাড়া-

(ক) বাংলাদেশ সেনা, নৌ ও বিমানবাহিনীর ক্যাডেটদের প্রশিক্ষণ পরিচালনা;

(খ) বাংলাদেশ সিভিল সার্ভিস এর অফিসারদের প্রশিক্ষণ পরিচালনা;

(গ) বন্ধু প্রতিম দেশসমূহের অফিসারদের ক্যাডেটদের প্রশিক্ষণ পরিচালনা;

(ঘ) বাংলাদেশ সেনাবাহিনীর ট্রেইনি অফিসারদের প্রশিক্ষণ পরিচালনা;

(ঙ) বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের প্রফেসর এ্যান্ড টিচার আন্ডার অফিসারগণের প্রশিক্ষণ পরিচালনা;

(চ) বাংলাদেশ সেনাবাহিনীর অফিসারগণের প্রশিক্ষণ পরিচালনা;

(ছ) বাংলাদেশ সেনাবাহিনীর নন কমিশন্ড অফিসার ও অন্যান্য আদা সামরিক বাহিনীর প্রশিক্ষণ পরিচালনা।

৭.৩। **প্রকল্পের মূল কার্যক্রমঃ** প্রকল্পের মূল কার্যক্রম হচ্ছে- মোট ৫১,১৬৮.৬০ বর্গমিটার আয়তনের দুটি উইং সম্বলিত একটি ১০ তলা ভবনের মধ্যে তিন হাজার লোকের লাউন্জিং সুবিধাসহ একটি ব্যাংকুয়েট হল ও একাডেমিক উইং (ক্লাস রুম, সেন্ট্রাল লেকচার হল, মডেল রুম, ল্যাংগুয়েজ ল্যাব, আইটি ল্যাব, ল্যাবরেটরী, প্রশাসনিক অফিস ইত্যাদিসহ অন্যান্য সহায়ক স্থাপনা স্থাপন। এছাড়া যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়, বিল্ডিং সোলার প্যানেল, অডিও ভিজ্যুয়াল সিস্টেম, লিফট, বৃষ্টির পানি সংগ্রহের ব্যবস্থাসহ এক্সটার্নাল ওয়াটার সাপ্লাই, বাহ্যিক বিদ্যুৎ সরবরাহ, জেনারেটর, ট্রান্সফরমার, ইন্টারনেট, ইন্টারকম সিস্টেম, গ্যাস সরবরাহ, গাইড ওয়াল, সুয়ারেজ, ড্রেন, টিভি এন্ট্রিনা, এয়ার কন্ডিশনার, কনসালট্যান্সি সেবা ইত্যাদি। উল্লেখ্য যে, নির্মাণ কাজের নক্শায় বিশেষ ভূমিকম্পন সহনশীল পদক্ষেপ গ্রহণ করা হবে।

৭.৪। **অনুমোদন পর্যায় ও সংশোধনঃ** "বিএমএ বঙ্গবন্ধু কমপ্লেক্স নির্মাণ, ভাটিয়ারী, চট্টগ্রাম" শীর্ষক প্রকল্পটির বিবেচনার জন্য গত ০২-১০-২০১২ তারিখে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে পিইসি সভা অনুষ্ঠিত হয় এবং ১৫/০৬/২০১০ তারিখে একনেক সভায় ২৫২৭৫.৭১ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০১০ হতে

জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য চূড়ান্ত অনুমোদন লাভ করে এবং ০৪/০৭/২০১০ তারিখে প্রশাসনিক আদেশ জারী করা হয়। সর্বশেষ ১২/১১/২০১৩ তারিখের একনেক সভায় ৩২৮৫৭.৪৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০১০ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয় এবং ২৮/১১/২০১৩ তারিখে প্রশাসনিক আদেশ জারী করা হয়। পরবর্তীতে আইএমইডি'র সুপারিশক্রমে জুলাই,২০১০ হতে জুন, ২০১৪ থেকে ১ (এক) বছর অর্থাৎ জুলাই,২০১০ হতে জুন, ২০১৫ পর্যন্ত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়।

৭.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	কার্যকাল		প্রকল্প পরিচালকের ধরন
		আরম্ভ	শেষ	
১।	জনাব মোঃ আবুল খায়ের , পিএসসি, ব্রিগ্রেডিয়ার জেনারেল	২২-০৮-২০১০	১৫-০৩-২০১১	খন্ডকালীন
২।	জনাব মোঃ মজিবুর রহমান, পিএসসি, ব্রিগ্রেডিয়ার জেনারেল	১৬-০৩-২০১১	০১-১২-২০১২	খন্ডকালীন
৩।	জনাব মোঃ শামসুল আলম খান, পিএসসি, ব্রিগ্রেডিয়ার জেনারেল	০২-১২-২০১২	০১-০২-২০১৩	খন্ডকালীন
৪।	জনাব মোঃ আবদুল মুকিম সরকার, পিএসসি, কর্ণেল	০২-০২-২০১৩	১০-০৩-২০১৪	পূর্ণকালীন
৫।	জনাব মোঃ আবদুল মুকিম সরকার, পিএসসি, ব্রিগ্রেডিয়ার জেনারেল	১১-০৩-২০১৪	২৬-০৭-২০১৪	পূর্ণকালীন
৬।	জনাব এম এ মহি সরকার, পিএসসি, ব্রিগ্রেডিয়ার জেনারেল	২৭-০৭-২০১৪	৩০-০৬-২০১৫	পূর্ণকালীন

প্রকল্পটির মেযাদ ছিল ৫ বছর। আর এ ৫ বছরে মোট ৬ জন প্রকল্প পরিচালক প্রকল্পটির দায়িত্ব পালন করেছেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের অন্তরায়।

৭.৬। **মূল্যায়ন পদ্ধতি (Methodology)**: মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

(ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) সরেজমিন পরিদর্শন;

(চ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

৮। **প্রকল্পের বছর ভিত্তিক বরাদ্দ ও লক্ষ্যমাত্রা, অবমুক্তি ও ব্যয়ঃ**

৮.১। **আর্থিক অগ্রগতিঃ** (লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী বরাদ্দ ও লক্ষ্যমাত্রা				অবমুক্ত	জুন,২০১৫ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি (%)			
	মোট	টাকা	প্রঃ সাঃ	বাস্তব %		মোট	টাকা	প্রঃ সাঃ	বাস্তব%
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১০-১১	১৩০০.০০	১৩০০.০০	--	৩.৯৬%	১৩০০.০০	১৩০০.০০	১৩০০.০০	--	৩.৯৬%
২০১১-১২	৮৫০০.০০	৮৫০০.০০	--	২৫.৮৬%	৮৫০০.০০	৮৫০০.০০	৮৫০০.০০	--	২৫.৮৬%
২০১২-১৩	৮৯০০.০০	৮৯০০.০০	--	২৭.০৯%	৮৯০০.০০	৮৯০০.০০	৮৯০০.০০	--	২৭.০৯%
২০১৩-১৪	১১০০০.০০	১১০০০.০০	--	৩৩.৪৮%	১১০০০.০০	১১০০০.০০	১১০০০.০০	--	৩৩.৪৮%
২০১৪-১৫	৩১৫৭.০০	৩১৫৭.০০	--	৯.৬১%	৩১৫৪.৫০	৩১৫৭.০০	৩১৫৭.০০	--	৯.৬১%
সর্বমোট	**৩২৮৫৭.০০**	**৩২৮৫৭.০০**	--	--	**৩২৮৫৪.৫০**	**৩২৮৫৩.৭১**	**৩২৮৫৩.৭১**	--	**১০০%**

প্রকল্পের অনুকূলে ৩২৮৫৭.৪৭ লক্ষ টাকা বরাদ্দ রাখা হলেও সর্বমোট অর্থ ছাড় হয়েছে ৩২৮৫৪.৫০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৩২৮৫৩.৭১ লক্ষ টাকা যা ছাড়কৃত অর্থের (৯৯.৯৩%)। অব্যয়িত ৭৮,৬৭২ টাকা সরকারী চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা দেয়া হয়েছে মর্মে পরিদর্শন সূত্রে জানা যায়।

৮.২। **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন ঃ**

পরিকল্পিত উদ্দেশ্য (Objectives as per PP)	প্রকৃত অর্জন (Actual achievement)
⇒ Provide with modern, State-of the-Art indoor training and admisistrative facilities of international standard to Bangladesh Military Academy as envisioned by The Father of the Nation with a view to imparting world class military training and graduation level education under Bangladesh University of Professionals for socio-economic development.	⇒ Goal has been achieved as per the objectives set in DPP/RDPP.

৮.৩। **প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত প্রকল্পের অঙ্গ ভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলোঃ

(ক) রাজস্ব খাতঃ

- **ফুয়েল ও লুব্রিকেন্টঃ** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে ফুয়েল ও লুব্রিকেন্ট বাবদ থোক হিসেবে ৪.২৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে সম্পূর্ণ অর্থই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ১০০%।
- **স্টেশনারীঃ** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে বিভিন্ন ধরনের স্টেশনারী দ্রব্য ক্রয় বাবদ থোক হিসেবে ১৪.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে সম্পূর্ণ অর্থই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।
- **বিজ্ঞপ্তিঃ** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য থোক হিসেবে ১২.২৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে ১১.৫৯ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ৯৯%।

- **কনসালটেন্সিঃ** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে কনসালটেন্সি ফি বাবদ থোক হিসেবে ৪০০.৩৯ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে কনসালটেন্সি ফি বাবদ বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণটাই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।
- **সম্মানীঃ** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে সম্মানী বাবদ থোক হিসেবে ১০.৩১ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে এ বাবদ বরাদ্দকৃত অর্থের হতে ৯.৬৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি কিছুটা কম হয়েছে।
- **টেস্টিং:** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে টেস্টিং ফি বাবদ থোক হিসেবে ১০.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে টেস্টিং বাবদ সম্পূর্ণ অর্থই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ১০০%।
- **যানবাহনঃ** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে দুটি মোটর সাইকেল এবং একটি ডাবল কেবিন পিক-আপ সংগ্রহ বাবদ থোক হিসেবে ৩৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে উক্ত যানবাহন ক্রয় করা হয়েছে এবং এ বাবদ বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণটাই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক এ বাস্তব অগ্রগতি ১০০%।
- **মেশিনারী ইকুইপমেন্টঃ** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে মেশিনারী ইকুইপমেন্ট (প্যাসেঞ্জার লিফট, সোলার প্যানেল, অডিও ভিজ্যুয়াল সিস্টেম, সিসি টিভি ক্যামেরা, ল্যাবরেটরী ইকুইপমেন্ট, কম্পিউটার ইত্যাদি) বাবদ থোক হিসেবে ২০৮৫.৭৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে উল্লিখিত মেশিনারী ইকুইপমেন্ট ক্রয় করা হয়েছে এবং এ বাবদ বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণটাই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।
- **কম্পিউটার অন্যান্যঃ** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে একটি কম্পিউটার ক্রয় বাবদ থোক হিসেবে ২০২.৭৮ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে কম্পিউটার, ইলেক্ট্রনিক্স স্ক্রিন/বোর্ড, ডকুমেন্ট ক্যামেরা ও অন্যান্য যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে এবং এ বাবদ বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণটাই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।
- **আসবাবপত্রঃ** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে আসবাবপত্র ক্রয় বাবদ থোক হিসেবে ১৫৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে বিভিন্ন ধরনের আসবাবপত্র ক্রয় করা হয়েছে এবং এ বাবদ বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণটাই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।
- **ফায়ার ফাইটিং:** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে ফায়ার ফাইটিং সিস্টেম বাবদ থোক হিসেবে ৩৩২.৪৩ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে ফায়ার ফাইটিং ইকুপমেন্ট ক্রয় করা হয়েছে এবং এ বাবদ বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণটাই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।
- **সাইট ডেভেপমেন্ট:** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে সাইট ডেভেপমেন্ট বাবদ থোক হিসেবে ৩১০.৯৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে ৪১৪২৮.৫০ ঘন মিটার সাইট ডেভেলপমেন্ট করা হযেছে এবং এ বাবদ বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণটাই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%।
- **ভবন নির্মাণ অন্যান্যঃ** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে ভবন নির্মাণ ও অন্যান্য খাতে থোক হিসেবে ২৫৯৮৩.৩৬ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে ৬৭০৪২.৯৮ বঃ মিঃ ভবন নির্মাণ ও অন্যান্য নির্মাণ বাবদ ২৫৯৮৩.০৯ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক এবং বাস্তব অগ্রগতি ১০০%।
- **রাস্তাঃ** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে ১১৩৮০.৪২ মিটার রাস্তা নির্মাণ খাতে থোক হিসেবে ১১৩৮০.৪২

লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে ১১৩৮০.৪২ মিটার রাস্তা নির্মাণ বাবদ ৫১৭.৫৩ (১০০%)লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক এবং বাস্তব অগ্রগতি ১০০%।

- **ড্রেন নির্মাণঃ** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে ৬৩.৩২ মিটার ড্রেন নির্মাণ খাতে থোক হিসেবে ৬৩.৩২ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে সম্পূর্ণ অর্থ ব্যয়ে ৬১১ মিটার ড্রেন নির্মাণ করা হয়েছে। এখাতে আর্থিক এবং বাস্তব অগ্রগতি ১০০%।
- **বহিঃপানি সরবরাহঃ** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে বহিঃপানি সরবরাহ বাবদ থোক হিসেবে ২০৯.৬৪ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে সম্পূর্ণ অর্থ ব্যয়ে বহিঃ পানি সরবরাহ লাইন স্থাপন করা হয়েছে। এখাতে আর্থিক এবং বাস্তব অগ্রগতি ১০০%।
- **বহিঃপানি বিদ্যুৎ সরবরাহ:** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে বহিঃপানি বিদ্যুৎ সরবরাহ বাবদ থোক হিসেবে ১১০৪.৬৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে সম্পূর্ণ অর্থ ব্যয়ে বহিঃ বিদ্যুৎ সরবরাহ লাইন স্থাপন করা হয়েছে। এখাতে আর্থিক এবং বাস্তব অগ্রগতি ১০০%।
- **গ্যাস সরবরাহ:** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে গ্যাস সরবরাহ সরবরাহ বাবদ থোক হিসেবে ৯.৯৭ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে সম্পূর্ণ অর্থ ব্যয়ে গ্যাস সরবরাহ লাইন স্থাপন করা হয়েছে। এখাতে আর্থিক এবং বাস্তব অগ্রগতি ১০০%।
- **ফিজিক্যাল কনটিনজেন্সি:** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে ফিজিক্যাল কনটিনজেন্সি বাবদ থোক হিসেবে ১.৫০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে সম্পূর্ণ অর্থ ব্যয় করা হয়নি।
- **প্রাইস কনটিনজেন্সি:** প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ডিপিপিতে প্রাইস কনটিনজেন্সি বাবদ থোক হিসেবে ১.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে এ অর্থ ব্যয় করা হয়নি।

৮.৪। **মনিটরিং:** প্রকল্প মেয়াদে প্রকল্পের আওতায় নিয়োগকৃত মনিটরিং কর্মকর্তা এবং উপজেলা শিক্ষা কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হয়েছে।

৮.৫। **অভ্যন্তরীণ অডিটঃ** প্রকল্প মেয়াদে ইইনসির টেকনিক্যাল টীম কর্তৃক গত ১৪-০৫-২০১৫ হতে ১৭-০৫-২০১৫ তারিখ পর্যন্ত অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করা হয়।

৮.৬। **এক্সটার্নাল অডিটঃ** প্রকল্প মেয়াদে একজন সুপারিনটেন্ডেন্ট এবং একজন অডিটর এবং একজন অডিট এন্ড একাউন্স অফিসার এর সমন্বয়ে গঠিত অডিট টীম ১৩-১২-২০১৫ হতে ০৮-০১-২০১৫ তারিখ পর্যন্ত এক্সটার্নাল অডিট সম্পন্ন করা হয়। অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি করা হয়েছে মর্মে জানানো হয়।

৮.৭। **ক্রয় সংক্রান্ত কার্যাবলীঃ** প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় সংক্রান্ত তথ্য নিম্নের ছকে দেয়া হলঃ

ক্র নং	কাজের নাম ও প্যাকেজের নাম	ক্রয় প্রক্রিয়ার ধরণ	চুক্তির তারিখ ও ফার্মের নাম	প্রাক্কলিত মূল্য	চুক্তিমূল্য, (ভেরিয়েশন হলে সংশোধিত চুক্তি মূল্য দিতে হবে)	চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ	কাজ সমাপ্তির প্রকৃত তারিখ
১.	Appointment of Consultant of Architectural Drawing/Design, for BMA	OTM	02-11-2010 M/S Joint Venture of Prokalpa Upodeshtha Limited &	4.0039	1.04	21-12-10	30-12-14

ক্র নং	কাজের নাম ও প্যাকেজের নাম	ক্রয় প্রক্রিয়ার ধরণ	চুক্তির তারিখ ও ফার্মের নাম	প্রাক্কলিত মূল্য	চুক্তিমূল্য, (ভেরিয়েশন হলে সংশোধিত চুক্তি মূল্য দিতে হবে)	চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ	কাজ সমাপ্তির প্রকৃত তারিখ
	Bangabandhu Complex at BMA Bhatiary Chittagong EinC/18 of 2010-2011		Professonal Asspcoates : Ltd.				
2.	Appointment of Consultant for Preparation of Structural/Design, for BMA Bangabandhu Complex at BMA Bhatiary Chittagong EinC/19 of 2010-2011	OTM	10-11-2010 M/S Joint Venture of Vistaara Architects (Pvt) Ltd & Architekton		1.3385	31-3-12	30-6-13
3.	Appointment of Consultant for Interior & Acoustical Drg/Design, for BMA Bangabandhu Complex at BMA Bhatiary Chittagong EinC/49 of 2012-2013	OTM	11-03-2013 M/S Professional Associates Ltd.		1.2183	10-3-14	30-6-14
4.	Construction of Training & Storeshed including Ancillary works to Accommodate existing Training items & store, Arms & Ammunition, Utility Services etc. at BMA Bangabandhu Complex at BMA Bhatiary Chittagong EinC/06 of 2010-2011	OTM	21-09-2010 M/S Fazal and Brothers	259.8336	2.1284	20-3-11	19-6-11
5.	Construction of BMA Bangabandhu Complex (10 Storey with 10 stoied fdn) incl ancillary works at BMA Bhatiary Chittagong EinC/06 of 2010-2011	OTM	30-02-11 M/S Shamsuddin Mia & Associates Ltd.	6.7941	6.7941	02-4-11	30-6-11
6.	Construction of BMA Bangabandhu Complex (10 Storey with 10 stoied fdn) incl ancillary works at BMA Bhatiary Chittagong (Group-I) (RCC cast in situ pile only) EinC/31 of 2010-2011	OTM	03-02-2011 M/S Reza Construction Ltd.	4.2779	4.2779	02-04-11	30-05-11

৯। **উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণ** : প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

১০। **প্রকল্প পরিদর্শনঃ** গত ২৬-০২-২০১৬ তারিখে আইএমইডি কর্তৃক প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয় । পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১০.১। **ভৌত নির্মাণ সংক্রান্ত কার্যাবলীঃ** আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিত বিএমএ বঙ্গাবন্ধু কমপ্লেক্স ১০ তলা ফাউন্ডেশন বিশিষ্ট একটি মনোনরম ১০তলা ভবন । ভভনটির মাঝের মূল অংশটি গ্লাসডোম এবং দুই পাশের অংশ সোর্ড নামে পরিচিত। ভবনটির সামনে রয়েছে জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি । ভবনটির বিভিন্ন তলায় ছোট বড় মিলিয়ে প্রায় ৪৮টি শ্রেণীকক্ষ ৬টি ল্যাবরেটরী, ৩২টি লেকচার গ্যালারী, ৩টি কনফারেন্স রুম, ২টি ফ্লোর মিলে বৃহৎ আকারের প্রায় ১ লক্ষ বই ধারণ ক্ষমতা সম্পন্ন একটি লাইব্রেরী । বর্তমানে লাইব্রেরীতে বিভিন্ন ধরনের প্রায় ৩০ হাজার বই রয়েছে। গ্লাসডোমের তৃতীয়, চতুর্থ এবং ৫ম তলার সমন্বয়ে রয়েছে ২০০০ জন ধারণ ক্ষমতা বিশিষ্ট একটি ব্যাংকোয়েট হল। ভবনটির নির্মাণ কাজের মান সন্তোষজনক মনে হয়েছে । এ একাডেমীতে মোট ৪টি অনুষদ রয়েছে । আরো ৫টি অনুষদ খোলার বিষয়টি প্রক্রিয়াধীন আছে । পদার্থ, রসায়ন, আন্তর্জাতিক সম্পর্ক, বিবিএ প্রভৃতি বিষয়ে ব্যাচেলর ও মাস্টার্স ডিগ্রী দেয়া হয় । একাডেমীর পরিচালক (প্রশাসন) অবহিত করেন বর্তমানে এখানে ৯৫৪ জন ক্যাডেট আছে। কুয়েত, কাতার, যুক্তরাষ্ট্র ব্রুনাই প্রভৃতি দেশ থেকে প্রশিক্ষণের জন্য এ একাডেমীতে পাঠানো হয়। পরিচালক (প্রশাসন) বলেন এ ভবনটি অত্যন্ত সুন্দর হয়েছে। কিছু সমস্যা ছিল তা সমাধান করা হয়েছে, তবে space management এর বিষয়টি সুন্দর হয়নি । তাই space management নিশ্চিত করতে মেজেনাইন ফ্লোরে একটি ফিজিওথেরাপি সেন্টার স্থাপন করা হয়েছে।

চিত্র-১ : বিএমএ বঙ্গাবন্ধু কমপ্লেক্স ভবন

চিত্র-২ : কেন্দ্রীয় সভা কক্ষ

চিত্র : ৩ লাইব্রেরী কক্ষ

চিত্র : ৪ সাবস্টেশন।

১১। **বাস্তবায়ন সমস্যাঃ**

১১.১। প্রকল্পটি একটি সরল অবকাঠামো নির্মাণ ধর্মী তথাপি প্রকল্পটি সম্পন্ন হতে মূল প্রকল্প ব্যয় হতে ২৯.৯৮% বৃদ্ধি পেয়েছে এবং মূল বাস্তবায়নকাল হতে ২ বছর (৪০.৩৮%) সময় বেশী প্রয়োজন হয়েছে;

১১.২। প্রকল্পটির মেয়াদ ছিল ৫ বছর। এ সময়ে মোট ৬ জন প্রকল্প পরিচালক প্রকল্পটির দায়িত্ব পালন করেছেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের অন্তরায়;

১১.৩। নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড অনুযায়ী প্রকল্পের ক্রয় সংক্রান্ত কার্যাবলী (পন্য, সেবা, পরামর্শক) সমাপ্তির জন্য নির্ধারিত তারিখ হতে বিলম্বে সম্পন্ন হয়েছে;

১১.৪। প্রকল্পের আওতায় দুটি মোটর সাইকেল এবং একটি ডাবল কেবিন পিক-আপ ক্রয় করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর যানবাহনসমূহ পরিবহন পুলে জমা দেয়া বিধান থাকলেও পরিদর্শনকাল পর্যন্ত জমা দেয়া হয়নি।

১২.০ **সুপারিশঃ**

১২.১। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণ করার ক্ষেত্রে সুনির্দিষ্ট বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণপূর্বক ডিপিপি প্রণয়ন করতে হবে এবং ডিপিপিতে বর্ণিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে (সমস্যা নং-১১.১);

১২.২। প্রকল্প পরিচালক নিয়োগ সম্পর্কিত পরিপত্র অনুসরণপূর্বক প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে। এ ধরনের প্রকল্পের সফল বাস্তবায়ন এবং সুষ্ঠুভাবে সমাপ্তির লক্ষ্যে প্রকল্প পরিচালক বদলী পরিহার করা সমীচীন হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে (সমস্যা নং-১১.২);

১২.৩। নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড অনুযায়ী প্রকল্পের ক্রয় সংক্রান্ত কার্যাবলী (পণ্য, সেবা, পরামর্শক) নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে সেনাসদর ইইনসির শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (সমস্যা নং-১১.৩);

১২.৪। প্রকল্পের আওতায় দুটি মোট সাইকেল এবং একটি ডাবল কেবিন পিক-আপ ক্রয় করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর তা পরিবহন পুলে জমা দিতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে (সমস্যা নং-১১.৪);

১২.৫। আইএমইডির সুপারিশের আলোকে গৃহীত পদক্ষেপ সম্পর্কে এ বিভাগকে অবহিত করতে হবে।

নিউমেরিক্যাল ওয়েদার প্রেডিকশন সিস্টেম (২য় পর্যায়) (সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন,২০১৫)

১। প্রকল্পের অবস্থান : দেশের ২২ টি জেলার ৩২ টি উপজেলা।

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর।

৩। প্রশাসনিক মন্ত্রণালয় : প্রতিরক্ষা মন্ত্রণালয়।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় ব্যয় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৮৮৫.০০	২০৭২.০০	২০৬৪.১১	০১.০৭.২০০৯ হতে ৩০.০৬.২০১৪	০১.০৭.২০০৯ হতে ৩০.০৬.২০১৫	০১.০৭.২০০৯ হতে ৩০.০৬.২০১৫	১৭৯.১১ * (৯.৫০%)	০১ বছর (২০%)

* প্রকৃত ব্যয় মূল অনুমোদিত ব্যয় হতে ১৭৯.১১ লক্ষ টাকা বেশী।

৫। প্রকল্পের অর্থায়ন : প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি : (সংস্থা কর্তৃক সরবরাহকৃত পিসিআর এর তথ্যের ভিত্তিতে) :

(লক্ষ টাকায়)

ক্র:নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	পিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
০১.	টেলিফোন	থোক	২.০০	১০০%	০.৮৭ (88%)	১০০%
০২.	যানবাহনের জ্বালানী		১০.০০	১০০%	১০.০০ (১০০%)	১০০%
০৩.	জেনারেটরের জন্য জ্বালানী		৪.৫০	১০০%	৪.৫০ (১০০%)	১০০%
০৪.	স্টেশনারী	থোক	১০.০০	১০০%	১০.০০ (১০০%)	১০০%
০৫.	বিজ্ঞাপন		১.৫০	১০০%	১.৩৫ (৯০%)	১০০%
০৬.	সন্মানী		৩.০০	১০০%	৩.০০ (১০০%)	১০০%
০৭.	কপি চার্জ		০.৩০	১০০%	০.৩০ (১০০%)	১০০%
০৮.	কম্পিউটার সরঞ্জামাদী		৮.০০	১০০%	৮.০০ (১০০%)	১০০%
০৯.	যানবাহন রক্ষণাবেক্ষণ		৫.০০	১০০%	৫.০০ (১০০%)	১০০%

ক্র:নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	পিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
১০.	আপগ্রেডেশন এন্ড রিনোভেশন অব ৩২ অবজারভেটরিজ (সিভিল)		৩৮৭.০০	১০০%	৩৮৬.৯৬ (১০০%)	১০০%
১১.	আপগ্রেডেশন এন্ড রিনোভেশন অব রেসিডেনশিয়াল বিল্ডিং		৯০.০০	১০০%	৯০.০০ (১০০%)	১০০%
১২.	আপগ্রেডেশন এন্ড রিনোভেশন অব আদার্স স্ট্রাকচারাল বিল্ডিং		৩৩৪.০০	১০০%	৩৩৩.৮৪ (১০০%)	১০০%
১৩.	আপগ্রেডেশন এন্ড রিনোভেশন অব ৩২ অবজারভেটরিজ (ইলেকট্রিক্যাল)		১৮৫.০০	১০০%	১৮৪.৯৮ (১০০%)	১০০%
১৪.	অনলি প্রি রিক্যুইসাইট এন্ড ন্যাছেসারী ইক্যুইপমেন্ট (লোকালী এভেইলএবল)	থোক	২৫৮.০০	১০০%	২৫২.৮৮ (৯৮%)	১০০%
১৫.	ফার্নিচার ফর ডিফারেন্ট অফিস	থোক	৭৭.০০	১০০%	৭৬.৯২ (১০০%)	১০০%
১৬.	অগ্নি নির্বাপক যন্ত্র	১২৮ টি	১২.০০	১০০%	১১.৯৩ (১০০%)	১০০%
১৭.	জমি অধিগ্রহণ		১৬২.০০	১০০%	১৬১.৬০ (১০০%)	১০০%
১৮.	জমি উন্নয়ন		৪০.০০	১০০%	৪০.০০ (১০০%)	১০০%
১৯.	কক্সবাজারের জন্য অফিস ভবন	এপ্রোক্স ২৪০০ মিটার	৯৬.০০	১০০%	৯৫.৫০ (১০০%)	১০০%
২০.	সীমানা প্রাচীর/অন্যান্য		৩০৫.০০	১০০%	৩০৪.৯৯	১০০%
২১.	পানি সরবরাহ, স্যানিটারী এন্ড গ্যাস কানেকশন		১০.০০	১০০%	৯.৭৯ (৯৯%)	১০০%
২২.	ইলেকট্রিফিকেশন ক) সোলার পাওয়ার খ) ৫০০ কেভিএ ট্রান্সফরমার উইথ শেড		৭১.৭০	১০০%	৭১.৭০ (১০০%)	১০০%
	মোট=	--	**২০৭২.০০**	--	**২০৬৪.১১ (৯৯.৬২%)**	--

প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ২০৭২.০০ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় হয়েছে ২০৬৪.১১ লক্ষ টাকা এবং অব্যয়িত ৭.৮৯ লক্ষ টাকা সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে বলে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) সূত্রে জানা গেছে।

৭। সাধারণ পর্যবেক্ষণ :

৭.১। প্রকল্পের পটভূমি :

বাংলাদেশ একটি প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশ। প্রতি বছরই প্রাকৃতিক দুর্যোগের কারণে দেশের জানমালের ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়। প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস প্রদানের মাধ্যমে ক্ষয়-ক্ষতির পরিমাণ কমিয়ে আনার লক্ষ্যে নিউমেরিক্যাল

ওয়েদার প্রেডিকশন সিস্টেম (NWP) মডেল সমীকরণের মাধ্যমে সঠিকভাবে তথ্য-উপাত্ত বিশ্লেষণ করা সম্ভব। এর ফলে ১০ দিনেরও বেশী অধিক সময়ের আবহাওয়ার পূর্বাভাস প্রদান করা যায়, যা আবহাওয়া অধিদপ্তরের বিদ্যমান প্রযুক্তি দ্বারা সম্ভব নয়।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরে নিউমেরিক্যাল ওয়েদার প্রেডিকশন সিস্টেম (NWP) ব্যবহার করে কার্যকর আবহাওয়া পূর্বাভাস পদ্ধতির প্রবর্তন একটি দীর্ঘ মেয়াদী উদ্যোগ যা মূলত: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের কৌশলগত উন্নয়ন পরিকল্পনার অন্যতম একটি অংশ। শুরু থেকে NWP সিস্টেম ব্যবহারে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের অভিজ্ঞতা নেই। বর্তমানে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর প্রচলিত আবহাওয়া পূর্বাভাস পদ্ধতি ব্যবহার করে আসছে। আবহাওয়া উপাত্ত সংগ্রহে আবহাওয়া উপাত্ত আদান-প্রদান তাৎক্ষণিক (Real Time) নয়।

জুলাই' ২০০০ হতে জুন' ২০০৮ মেয়াদে "নিউমেরিক্যাল ওয়েদার প্রেডিকশন টেকনিক প্রবর্তনে উচ্চগতি সম্পন্ন কম্পিউটার স্থাপন" শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়িত হয়। আইএমইডি'র সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদনে প্রকল্পের অসমাপ্ত কাজ সম্পন্ন করা এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহপূর্বক দ্রুত প্রয়োজনীয় কাজ শুরু করার সুপারিশ করা হয়।

বর্ণিত প্রেক্ষাপটে, "নিউমেরিক্যাল ওয়েদার প্রেডিকশন সিস্টেম স্থাপন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের প্রস্তাব পেশ করা হলে যন্ত্রপাতি ও জনবল বাদ দিয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও সংস্কার কাজ অন্তর্ভুক্ত করে মোট ১৮৮৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই'২০১১ হতে জুন'২০১৪ বাস্তবায়ন মেয়াদে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৭.২। প্রকল্পের উদ্দেশ্য :

১) সারাদেশে অবস্থিত ৩২ টি আবহাওয়া পর্যবেক্ষণাগারে প্রয়োজনীয় সংস্কার ও উন্নয়ন ;

২) একটি নতুন পর্যবেক্ষণাগার ভবন নির্মাণ ; এবং

৩) উর্দ্ধকাশে সার্বক্ষণিক আবহাওয়া উপাত্ত প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের জন্য NWP System-এর পূর্বশর্ত হিসেবে কিছু আবহাওয়া যন্ত্রপাতি ক্রয়।

প্রকল্পের মূল কার্যক্রম :

১) প্রয়োজনীয় নিরাপত্তাসহ (সীমানা প্রাচীর নির্মাণ) ৩২ টি আবহাওয়া পর্যবেক্ষণাগারে প্রয়োজনীয় সংস্কার ও উন্নয়ন ;

২) কক্সবাজারে নতুন অফিস ভবন নির্মাণ ; এবং

৩) কিছু আবহাওয়া যন্ত্রপাতি যেমন-থিওডোলাইট ও আরএস মিটিওগ্রাফ ক্রয়।

৮। <u>অনুমোদন পর্যায়</u> :

আলোচ্য প্রকল্পটি মোট ১৮৮৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (সম্পূর্ণ জিওবি) জুলাই' ২০১১ হতে জুন ' ২০১৪ পর্যন্ত মেয়াদকালে বাস্তবায়নের জন্য গত ৩১.০৩.২০১১ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের আওতায় ভূমি উন্নয়ন, যন্ত্রপাতি সংগ্রহ, সোলার পাওয়ার ও ৫০০ কেভিএ ট্রান্সফরমার শেড ইত্যাদি আইটেমের ঠিকাচুক্তি ও বাজারদর কম হওয়ায় এসকল খাতে ব্যয় হ্রাস পায় ; অন্যদিকে শিডিউল রেট বৃদ্ধির ফলে গাড়ীর জ্বালানী, স্টেশনারী, সন্মানী, গাড়ী মেরামত ইত্যাদি খাতে বৃদ্ধি পায়। উল্লিখিত অংগসমূহের ব্যয় হ্রাস/বৃদ্ধির ফলে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৮৮৫.০০ লক্ষ টাকা থেকে বৃদ্ধিপূর্বক ২০৭২.০০ লক্ষ টাকায় নির্ধারণ এবং মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধিপূর্বক প্রকল্পটি ১ম সংশোধন করে প্রশাসনিক আদেশ জারী করা হয় ১৯.০৩.২০১৩ তারিখে।

৯। প্রকল্পের অনুকূলে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বছর ভিত্তিক বরাদ্দ ও অগ্রগতি :

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দ	অর্থ ছাড়	বছর ভিত্তিক ব্যয় ও বাস্তব অগ্রগতি
২০১১-২০১২	৭৫০.০০	৭৫০.০০	৭৪৩.৪০
২০১২-২০১৩	৪৫০.০০	৪৫০.০০	৪৩১.১৯
২০১৩-২০১৪	৭১০.০০	৭১০.০০	৬৯৮.৫০
২০১৪-২০১৫	১৯৩.০০	১৯৩.০০	১৯১.০২
মোট =	**২১০৩.০০**	**২১০৩.০০**	**২০৬৪.১১**

১০। প্রকল্প ব্যবস্থাপনা : প্রকল্পের শুরু হতে সমাপ্তি পর্যন্ত বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তা "প্রকল্প পরিচালক"-এর দায়িত্ব পালন করেন :

ক্র:নং	কর্মকর্তার নাম	পদবী	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব অর্পণ	ধরণ
০১)	আহমেদ আরিফ রশীদ	সিনিয়র মেকানিক্যাল ইঞ্জিনিয়ার	০১.০৭.২০১১	প্রকল্প সমাপ্ত পর্যন্ত	অতিরিক্ত দায়িত্ব

১১। প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন :

প্রকল্পে উদ্দেশ্য		প্রকৃত অর্জন	
১)	সারাদেশে অবস্থিত ৩২ টি আবহাওয়া পর্যবেক্ষণাগারে প্রয়োজনীয় সংস্কার ও উন্নয়ন ;	১)	মোট ৩২ টি আবহাওয়া পর্যবেক্ষণাগারে প্রয়োজনীয় সংস্কার/মেরামত, প্রযোজ্য ক্ষেত্রে বৈদ্যুতিক সংস্কার, আন্ডার গ্রাউন্ড রিজার্ভার নির্মাণ, সীমানা প্রাচীর নির্মাণ ইত্যাদি কাজ সম্পাদন করা হয়েছে ;
২)	একটি নতুন পর্যবেক্ষণাগার ভবন নির্মাণ ; এবং	২)	কক্সবাজার জেলায় নতুন পর্যবেক্ষণাগার ভবন নির্মাণ করা হয়েছে ; এবং
৩)	উর্ধাকাশে সার্বক্ষণিক আবহাওয়া উপাত্ত প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের জন্য NWP System-এর পূর্বশর্ত হিসেবে কিছু আবহাওয়া যন্ত্রপাতি ক্রয়।	৩)	NWP System-এর পূর্বশর্ত হিসেবে প্রয়োজনীয় যন্ত্রপাতি যেমন-থিওডোলাইট এবং আর.এস মিটিওগ্রাফসহ কিছুসংখ্যক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে।

১২। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ : কোন উল্লেখযোগ্য কাজ অসমাপ্ত নেই মর্মে পিসিআরসূত্রে জানা গেছে।

??????????? ????**(Methodology)** : ???????? ??????????? ??????? ????????? ?????????? ?????? ??? ???

ক) ডিপিপি ও অন্যান্য ডকুমেন্ট পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা ;

খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত Project Completion Report (PCR) পর্যালোচনা ;

গ) SPEC, Project Steering Committee, Project Implementation Committee (PIC) ইত্যাদি গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা ; এবং

ঘ) প্রকল্প এলাকা পরিদর্শন ও প্রাপ্ত তথ্যের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৪। মনিটরিং :

প্রকল্পটি আইএমইডি কর্তৃক সরাসরি পরিদর্শন করা হয়নি। তবে প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC), স্টিয়ারিং কমিটিসহ বিভিন্ন সভায় অংশগ্রহণের মাধ্যমে পরিবীক্ষণ করার প্রয়াস নেয়া হয়েছে । এছাড়া আইএমইডি কর্তৃকপ্রকল্প কার্যালয় এবং পিসিআর প্রাপ্তির পর প্রকল্পের কক্সবাজার অংশ পরিদর্শন করা হয়েছে।

১৫। অডিট সম্পর্কিত তথ্য :

(ক) অভ্যন্তরীণ অডিট : প্রকল্প চলাকালীন এবং প্রকল্প সমাপ্তির পর কোন অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনা করা হয়নি মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে।

(খ) এক্সটার্নাল অডিট :

প্রকল্পের উপর কোন এক্সটার্নাল অডিট পরিচালনা করা হয়েছে কি-না সে সম্পর্কিত কোন তথ্য প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে (পিসিআর) উপস্থাপন করা হয়নি।

১৬। প্রকল্প পরিদর্শন :

১৬.১। গত ০৮.০৯.২০১৬ তারিখে আইএমইডি'র পরিচালক সুফিয়া আতিয়া যাকারিয়া কর্তৃক প্রকল্পের কক্সবাজার জেলা অংশ পরিদর্শন করা হয় এবং প্রকল্প পরিচালকের সাথে প্রকল্পের বাস্তবায়নের বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন।

১৬.২। প্রকল্পের আওতায় কক্সবাজার জেলায় পুরাতন ভবন ভেংগে তিনতলা ফাউন্ডেশনে দোতলা ভবন নির্মাণ করা হয়েছে। ভবনটি দোতলা তবে তিনতলার ছাদে শুধুমাত্র একটি স্টোররুম আছে। স্টোররুমটিতে এ বং ভবনের ছাদে 1) Electrical Aneometer; 2) PT (Potential Temperature) Aneometer; 3) Theodolite Pillar ; 4) Sunshine Recorder ; 5) Wind vare ও 6) Cup Counter Aneometer-এ সকল যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। ভবনের ছাদে অবস্থিত Theodolite Pillar থেকে বিভিন্ন স্তরে বায়ূমন্ডলের গতি ও দিক নির্ণয়ের জন্য দিনে দু'বার বেলুন ছাড়া হয় মর্মে অবহিত করা হয়েছে।

চিত্র : কক্সবাজার আবহাওয়া অফিস এবং পর্যবেক্ষণাগার

১৬.৩। সর্বমোট ৯৬.০০ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ভবনটি Delegated Work হিসেবে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নির্মাণ করা হয়েছে। ভবনটির নীচতলায় ৪ টি কক্ষের প্রত্যেকটিতেই আবহাওয়া সম্পর্কিত তথ্য সংগ্রহ কাজে ব্যবহৃত বিভিন্ন ধরনের যন্ত্রপাতি রাখা হয়েছে। এছাড়া, দ্বিতীয়তলার কক্ষগুলো জেলা আবহাওয়াবিদসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের অফিস কক্ষ হিসেবে ব্যবহার করা হচ্ছে। এছাড়া দ্বিতীয় তলায় একটি সম্মেলন কক্ষও রয়েছে। প্রকল্পের আওতায় এ অফিসে নতুন কোন যন্ত্রপাতি ক্রয় করা হয়নি। ভবন নির্মাণের পর পূর্বের বিদ্যমান যন্ত্রপাতি নতুন ভবনে পুন:স্থাপন করা হয়েছে। এছাড়া, প্রকল্পের আওতায় জেলার আবহাওয়া অফিসে প্রকল্পের আওতায় মেইনগেট থেকে ভবন পর্যন্ত ওয়াকওয়ে নির্মাণ ও এনক্লোজার প্রতিস্থাপন করা হয়েছে। পরিদর্শনে সকল নির্মাণ কাজই সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে।

১৬.৪। প্রকল্পের আওতায় সম্পাদিত অন্যান্য সংস্কার কাজের বিবরণ :

ক. টেকনাফ জেলা অফিস :

১) অফিস ভবন সংস্কার ও আধুনিকায়ন ;

২) অন্যান্য সংস্কার (বিটুমিনাস কার্পেটিং রাস্তা, ড্রেন ও অ্যাপ্রোন নির্মাণ) ;

৩) অফিস ভবনের বৈদ্যুতিক সংস্কার ;

৪) ভূমি উন্নয়ন ;

৫) সীমানা প্রাচীর নির্মাণ।

খ. রাংগামাটি অফিস ভবন :

১) অফিস ভবন সংস্কার ও আধুনিকায়ন ;

২) ডীপ-টিউব ওয়েল স্থাপন ;

৩) অফিস ভবনসহ অন্যান্য বৈদ্যুতিক সংস্কার ও নিরাপত্তা বাতি ;

৪) সীমানা প্রাচীর নির্মাণ ;

৫) পানি সরবরাহ (আন্ডার গ্রাউন্ড রিজার্ভার)।

গ. কুমিল্লা অফিস ভবন :

১) অফিস ভবন সংস্কার ও আধুনিকায়ন ;

২) ভূমি উন্নয়ন ;

৩) সীমানা প্রাচীর নির্মাণ ;

৪) পানি সরবরাহ।

ঘ. চট্টগ্রাম অফিস ভবন :

১) অফিস ভবন সংস্কার ও আধুনিকায়ন (পাইলট বেলুন পর্যবেক্ষণাগার ও আর এস পর্যবেক্ষণাগার) ;

২) বিভিন্ন আবাসিক ভবন (সি-টাইপ, ডি টাইপ, এফ টাইপ ও এইচ টাইপ) এর সংস্কার ;

৩) অফিস চত্বরে নলকূপ স্থাপন ;

৪) অফিস ভবন ও আবাসিক ভবনের বৈদ্যুতিক সংস্কার ;

ঙ. চাঁদপুর অফিস ভবন :

১) অফিস ভবন সংস্কার ও আধুনিকায়ন ;

২) সীমানা প্রাচীর নির্মাণ ;

চ. রাজশাহী অফিস ভবন :

১) অফিস ভবন সংস্কার ও আধুনিকায়ন ;

২) অন্যান্য সংস্কার (যন্ত্রপাতি বেষ্টনী নির্মাণ, স্যানিটারী ও ওয়াটার সাপ্লাই) ;

৩) অফিস ভবনের বৈদ্যুতিক সংস্কার ; এবং

৪) সীমানা প্রাচীর নির্মাণ ;

১৬.৫। এতদ্ব্যতীত, ১৭ টি জেলা আবহাওয়া অফিস সংস্কার, বৈদ্যুতিক সংস্কার, পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন, ভূমি উন্নয়ন ইত্যাদি কাজ এবং ৬ টি উপজেলা আবহাওয়া অফিস সংস্কার ও আধুনিকায়ন, বৈদ্যুতিক সংস্কার ও খেপুপাড়া আবহাওয়া অফিসের পর্যবেক্ষণাগারে বিদ্যুৎ সংযোগ কাজ সম্পাদন করা হয়েছে।

১৭। বাস্তবায়ন সমস্যা পর্যালোচনা :

১৭.১। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরে নিউমেরিক্যাল ওয়েদার প্রেডিকশন সিস্টেম (NWP) ব্যবহার করা অধিদপ্তরের কৌশলগত উন্নয়ন পরিকল্পনার অন্যতম একটি অংশ। কিন্তু NWP সিস্টেম ব্যবহারে আবহাওয়া অধিদপ্তরের অভিজ্ঞতা নেই। প্রকৃতপক্ষে, NWP টেকনিক ব্যবহারের জন্য প্রয়োজন তাৎক্ষণিক (Real Time) এবং স্বয়ংক্রিয় ও ডিজিটাল আবহাওয়া উপাত্ত। পাশাপাশি রাডার উপাত্তসহ উর্ধ্বাকাশের সার্বক্ষণিক ডিজিটাল আবহাওয়া উপাত্ত একটি Modem-এর মাধ্যমে Run করে ঈপ্সিত পূর্বাভাস পাওয়ার জন্য প্রয়োজন উচ্চক্ষমতা সম্পন্ন সুপার কম্পিউটার ও ওয়ার্কস্টেশন। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরে বর্ণিত সুবিধাদির একটিও নেই। আলোচ্য প্রকল্পের মাধ্যমে বিদ্যমান পর্যবেক্ষণাগারসমূহতে প্রয়োজনীয় নিরাপত্তাসহ অবকাঠামোগত উন্নয়ন কাজ করা হয়েছে। কিন্তু NWP সিস্টেম প্রবর্তনের জন্য কোন যন্ত্রপাতি বা উচ্চ ক্ষমতা সম্পন্ন সুপার কম্পিউটার, সার্ভার, ইত্যাদি ক্রয়ের কোন ব্যবস্থা রাখা ছিল না, যা ছাড়া অঞ্চলভিত্তিক সঠিক ও সময়োপযোগী আবহাওয়া পূর্বাভাস প্রদান করা সম্ভব হচ্ছে না। বিশেষ করে ঘূর্ণিঝড়ের অধিকতর সঠিব ও আগাম পূর্বাভাস, অভ্যন্তরীণ নৌচলাচলের জন্য কুয়াশা ও হঠাৎ ঝড়ের অঞ্চলভিত্তিক ও আবহাওয়া পূর্বাভাস প্রদান, বাস্তব ভিত্তিক নিয়মিত আবহাওয়া পূর্বাভাস (৬ ঘন্টা/১২ ঘন্টা/২৪ ঘন্টা) ও দীর্ঘ মেয়াদের পূর্বাভাস প্রদান (৩৬/৭২ ঘন্টা) ইত্যাদি বিষয়গুলো অবহেলিত থেকে যাচ্ছে। বিষয়টি দেশের জন্য বিরাট হুমকীস্বরূপ। আলোচ্য প্রকল্পে শুধুমাত্র সংস্কার কাজ করার পরিবর্তে প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়ের জন্য বরাদ্দ রাখা বাঞ্ছনীয় ছিল; এবং

১৭.২। প্রকল্পটি চলাকালীন ও সমাপ্তির পর কোন অডিট পরিচালনা করা হয়েছে কি-না সে সম্পর্কিত কোন তথ্য পিসিআর-এ পাওয়া যায়নি।

১৮। সুপারিশ :

১৮.১। তাৎক্ষণিক (Real Time), স্বয়ংক্রিয় ও ডিজিটাল আবহাওয়া উপাত্ত সংগ্রহের জন্য প্রতিটি পর্যবেক্ষণাগারে স্বয়ংক্রিয় আবহাওয়া যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন করা আবশ্যক। এছাড়া প্রয়োজনীয় আবহাওয়া পূর্বাভাস প্রদানের জন্য আবহাওয়া পূর্বাভাস মডেল ও সফটওয়্যারসহ NWP ওয়ার্কস্টেশন ও সুপার কম্পিউটার ক্রয় করাও আবশ্যক মর্মে প্রতীয়মান হয়। আবহাওয়া অধিদপ্তর কর্তৃক যথাশীঘ্র NWP সিস্টেম ব্যবহারের মাধ্যমে কাংখিত সুফল অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তথ্য প্রতিরক্ষা মন্ত্রণালয় যথাযোগ্য উদ্যোগ গ্রহণ করবে; অন্যথায় আলোচ্য প্রকল্পের আওতায় পর্যবেক্ষণাগারগুলোর সংস্কারের জন্য যে পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে তার পূর্ণ সুফল ভোগ করা সম্ভব হবে না। পাশাপাশি দেশের জনগণের জানমাল ও জাতীয় সম্পদের ক্ষয়ক্ষতি ক্রমাগত বেড়ে যাবে ; এবং

১৮.২। প্রকল্পের উপর কোন অডিট কাজ সম্পাদন করা হয়ে থাকলে তা আইএমইডি'তে যথাশীঘ্র প্রেরণ করতে হবে।